প্রজ্ঞাপন

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী
কাকরাইল, ঢাকা-১০০০

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং- ৪৬.২০৩.০০০০.০০১.৩৫.২৬৩.০৯ ১১২৯ তারিখ-৩০/০৯/২০২১খ্রিঃ

# প্রজ্ঞাপন

বিষয়ঃ নতুন পানির উৎস স্থাপনের ক্ষেত্রে তথ্য সংগ্রহ এবং Water Point ID প্রদান।

সূত্রঃ স্মারক নং- ৪৬.২০৩.০০০০.০০১.৩৫.২৬৩.০৯-৯৫৮;তারিখ-১১/০৯/২০১৪খ্রিঃ।

উপরোক্ত সূত্রের আলোকে Geo Code Based Water Point ID প্রদান সংক্রান্ত যে প্রজ্ঞাপন জারীকরা হয়েছে তা নিম্ন লিখিত ভাবে সংশোধন করা হলো।

১. এখন থেকে ২৩ ডিজিট সম্বলিত Geo Code Based Water Point ID প্রদান করতে হবে।

২. ইউনিয় কোডে ২ ডিজিটের স্থলে ৩ ডিজিট ব্যবহার হবে এবং গ্রাম কোড ২ ডিজিটের স্থলে ৩ ডিজিট ব্যবহার হবে।

৩. Water Point এর সিরিয়ালের ক্ষেত্রে ৩ ডিজিটের স্থলে ৪ ডিজিট এর নাম্বার ব্যবহার হবে। এখানে উল্লেখ্য যে প্রতি ইউনিয়নে প্রতি বছর স্থাপিত পানির উৎসের সিরিয়াল নম্বর ০০০১ থেকে শুরু করতে হবে।

এমতাবস্থায়, এখন থেকে মাঠ পর্যায়ে Geo Code Based Water Point ID প্রদানের ক্ষেত্রে পূর্বের প্রজ্ঞাপন বিশ্লেষন সহ এই সংশোধনী আরোপ করত: ID প্রদান করতে হবে। এই প্রজ্ঞাপন অনতিবিলম্বে কার্যকর হবে।

৩০/৯/২০২১
(সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী

স্মারক নং- ৪৬.২০৩.০০০০.০০১.৩৫.২৬৩.০৯ ১১২৯ (৬০০) তারিখ-৩০/০৯/২০২১খ্রিঃ

অনুলিপিঃ
১. অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত/পরিকল্পনা/ পানিসম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২. তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,........................সার্কেল,..........................................।
৩. প্রকল্প পরিচালক, ........................................................................................................................।
৪. নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,........................বিভাগ/জেলা,........................................।
৫. উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস), তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধ সহ)।
৬. সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,........................................................................।
৭. উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,........................................................................।

সংযুক্তিঃ- পূর্বের প্রজ্ঞাপন ২ (দুই) পৃষ্ঠা।

৩০/৯/২০২১
(সাইফুর রহমান)
প্রধান প্রকৌশলী

৩২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
১৪, শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণী
কাকরাইল, ঢাকা-১০০০

স্মারক নং- ৪৬.২০৩.০০০০.০০১.৩৫.২৬৩.০৯-৯৫৮ তারিখ- ১১/০৯/২০১৪ খ্রিঃ

প্রজ্ঞাপন

বিষয়ঃ নতুন পানির উৎস স্থাপনের ক্ষেত্রে তথ্য সংগ্রহ এবং Water Point ID প্রদান।

পানির উৎস হতে নিরাপদ পানি সরবরাহ নিশ্চিত করা এবং পানির উৎসের সঠিক তত্ত্বাবধানের জন্য প্রতিটি উৎসের Geo Code Based Water Point ID প্রদান অত্যন্ত গুরুত্বপূর্ণ। স্থানীয় সরকার বিভাগের স্মারক নং - স্থাসবি/পাস-১/ফোরাম/সাব-কমিটি/২০০৭/৭৫৫, তারিখ - ২৮/০৯/২০১০ ইং মোতাবেক সরকারী-বেসরকারী উদ্যোগে স্থাপিত সকল পানির উৎসে কোডিং পদ্ধতি ব্যবহারের অনুমতি প্রদান করা হয়।

এক্ষণে, নতুন স্থাপিত পানির উৎসের Water Point ID প্রদান পদ্ধতি ও তথ্য সংগ্রহ সংক্রান্ত ইতোপূর্বে প্রণীত গাইডলাইন্স (Guidelines for Water Points Data Collection) - এর আলোকে নিম্নবর্ণিত নির্দেশনা প্রদান করা হল ঃ

১. উন্নয়ন ও অনুন্নয়ন বাজেটের আওতায় প্রকল্প/কর্মসূচী পরিচালকগণ জেলা-উপজেলাওয়ারী পানির উৎসের বরাদ্দ সংক্রান্ত তথ্যাবলী এম,আই,এস ইউনিটে প্রেরণ করবেন।

২. বরাদ্দ প্রাপ্তির পর সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলী উপজেলাওয়ারী পানির উৎসের আইডি (Water Point ID) নির্ধারণ করবেন। অতঃপর প্রাথমিক পর্যায়ে ইউনিয়ন কোডের ঘর খালি রেখে Water Point ID প্রদান করবেন এবং স্থান নির্ধারিত হওয়ার পর ইউনিয়ন কোড পূরণ করবেন। পানির উৎস স্থাপনের জন্য দরপত্র আহবান সংশ্লিষ্ট কার্যক্রম সহ সকল নথিপত্রে উক্ত ID উল্লেখ থাকবে।

   উদাহরণঃ- ধরা যাক, ২০১৩-১৪ অর্থবছরে বরগুনা জেলার আমতলী উপজেলায় ৫ টি পানির উৎস স্থাপনের বরাদ্দ প্রদান করা হয়েছে যা ২০১৪ সালে স্থাপন করা হবে। বরাদ্দ প্রাপ্তির পর বরগুনা জেলার নির্বাহী প্রকৌশলী উক্ত বরাদ্দকৃত পানির উৎসের নিম্নরূপ Water Point ID প্রদান করবেন -

   (১) ২০১৪-১-০১-০১-০৪-০৯-XX-০০-০০১
   (২) ২০১৪-১-০১-০১-০৪-০৯-XX-০০-০০২
   (৩) ২০১৪-১-০১-০১-০৪-০৯-XX-০০-০০৩
   (৪) ২০১৪-১-০১-০১-০৪-০৯-XX-০০-০০৪

   এই Water Point ID -এর ক্রমিক সংখ্যার পরিসীমা (২০১৪-১-০১-০১-০৪-০৯-XX-০০-০০১ ~০০৫) দরপত্র দলিলে (Tender Document) উল্লেখ করতে হবে।

৩. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, স্থানীয় WATSAN কমিটি কর্তৃক স্থান নির্বাচনের পর নির্বাহী প্রকৌশলী কর্তৃক নির্ধারিত Water Point ID - র ইউনিয়ন কোডের ঘরটি পূরণ করবেন এবং এর কপি সংশ্লিষ্ট জেলার নির্বাহী প্রকৌশলীর নিকট প্রেরণ করবেন।

৪. নির্বাহী প্রকৌশলী বার্ষিক উন্নয়ন ও অনুন্নয়ন কর্মসূচীর আওতায় বরাদ্দকৃত পানির উৎসের Water Point ID - র তালিকা যাচাই করবেন এবং ৫ (পাঁচ) কার্যদিবসের মধ্যে Water Point ID - র যথার্থতা সম্পর্কে নিশ্চিত হয়ে ডিপিএইচই সদর দপ্তরের এম,আই,এস ইউনিটে (MIS UNIT) তালিকা প্রেরণ করবেন।

৫. এম,আই,এস ইউনিট, Water Point ID - র তালিকা প্রাপ্তির পর অতিসত্বর যাচাই পূর্বক জেলাওয়ারী তথ্যাদির সংক্ষিপ্ত প্রতিবেদন প্রকল্প পরিচালকের দপ্তর, কেন্দ্রীয় ল্যাবরেটরী এবং সংশ্লিষ্ট আঞ্চলিক ল্যাবরেটরী ও জেলা নির্বাহী প্রকৌশলীর দপ্তরে প্রেরণ করবে।

৬. পাটাতন নির্মাণ এবং Water Point ID - র সনাক্তকারী ফলক/ট্যাগ স্থাপনের কাজ Bill of Quantity - তে অন্তর্ভুক্ত করতে হবে এবং পাটাতন নির্মাণ ও Water Point ID - র সনাক্তকারী ফলক/ট্যাগ স্থাপনের কাজ সম্পাদন ব্যতীত কোন বিল প্রদান করা যাবে না। সহকারী প্রকৌশলী ও নির্বাহী প্রকৌশলীর দপ্তরে, ল্যাবরেটরীতে এবং সংশ্লিষ্ট অন্যান্য সকল কাজে যেমন - নমুনা সংগ্রহ, মেরামত ও রক্ষণাবেক্ষণ ইত্যাদি কাজে Water Point ID ব্যবহার করতে হবে।

৭. জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের উপজেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নতুন স্থাপিত পানির উৎস সমূহের ID সনাক্তকারী ফলক/ট্যাগ, পানির গুণগতমান ও গভীরতা মিলিয়ে দেখবেন। এ কাজ "জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর কর্তৃক স্থাপিত বিভিন্ন ধরনের পানির উৎসের পানির গুণগতমান পরীক্ষা এবং নমুনা সংগ্রহ নির্দেশিকা"এবং"নতুন স্থাপিত পানির উৎসের পানির গুণগতমানের সাথে ঠিকাদার/ ঠিকাদারী প্রতিষ্ঠানের বিল প্রদান বিযুক্তকরণ সংক্রান্ত নির্দেশিকা" -এর সাথে সমন্বয় রেখে সম্পাদন করতে হবে।

৮. Water Point ID - র তথ্য আদান-প্রদান সংক্রান্ত সকল কার্যক্রম ই-মেইলের মাধ্যমে সম্পন্ন করতে হবে।

৯. Water Point ID - র তালিকা ব্যতীত পানির উৎসের বিল প্রদান করা যাবে না।

১০. এ প্রজ্ঞাপন অনতিবিলম্বে কার্যকর হবে।

১১/৯/১৪
(খালেদা আহসান)
প্রধান প্রকৌশলী

স্মারক নং-৪৬.২০৩.০০০০.০০১.৩৫.২৬৩.০৯-৯৫৮ তারিখ- ১১/০৯/২০১৪ খ্রিঃ

অনুলিপিঃ

১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী (পূর্ত/পরিকল্পনা/পানি সম্পদ), জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ঢাকা।
২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, .................... সার্কেল, .........................।
৩। প্রকল্প পরিচালক, ..........................................................................................।
৪। নির্বাহী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর,....................... বিভাগ/জেলা,......................।
৫। উপ-পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয় (বিজি প্রেস), তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ..........................................................।
৭। উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ...................................................।

সংযুক্তিঃ- বর্ণনামতে ২ (দুই) পাতা।

১১/৯/১৪
(খালেদা আহসান)
প্রধান প্রকৌশলী